

শ্রেস বিজ্ঞপ্তি

বিসিএস পরীক্ষার নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করার নিমিত্তে আজ ১৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখ সকাল ১১:০০ টায় বিসিএস-এর বিভিন্ন ক্যাডারে কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত বিষয়ে পাবলিক সার্ভিস কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক-এর সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। স্বল্পতম সময়ে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে দ্রুততম সময়ে নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অপেক্ষাকৃত আধুনিক পদ্ধতিতে প্রার্থীদের সঙ্গে যোগাযোগ এবং স্বল্পতম সময়ে স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিতের লক্ষ্য নিয়ে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

Eurat Sharmir

(ইশরাত শারমীন)
জনসংযোগ কর্মকর্তা